



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারি আবাসন পরিদপ্তর
প্রশাসন শাখা
www.doga.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০১৬.০১.০০২.১৮.৬১

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯

২৯ মে ২০২২

বিষয়: "সরকারি আবাসন" অ্যাপ (Android App) এবং www.bashaonline.com ওয়েবসাইট ব্যবহার করে সরকারি বাসা/বাড়ির আবেদন দাখিল।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন ই, ডি-১, ডি-২ শ্রেণি, অস্থায়ী এবং পরিত্যক্ত সমশ্রেণির বাসা/বাড়ী স্বয়ংক্রিয় (অটোমেশন) পদ্ধতিতে বরাদ্দ প্রদান করার জন্য www.bashaonline.com ওয়েবসাইটের মাধ্যমে বাসা বরাদ্দের আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে। বর্তমানে স্বয়ংক্রিয় পদ্ধতির পাশাপাশি বাসা বরাদ্দের সাধারণ আবেদনসমূহ অনলাইনে গ্রহণ এবং বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে "সরকারি আবাসন" নামে একটি অ্যান্ড্রয়েড অ্যাপ (গুগল প্লে স্টোর লিংক: <https://play.google.com/store/apps/details?id=com.abashon.gov.bd>) প্রস্তুত করা হয়েছে। সরকারি আবাসন পরিদপ্তর-এর আওতাধীন সকল শ্রেণির বাসা/বাড়ী বরাদ্দপ্রাপ্তির জন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সরকারি বাসার প্রাধিকারভুক্ত কর্মকর্তা/কর্মচারীগণের আবেদন www.bashaonline.com ওয়েবসাইট এবং "সরকারি আবাসন" অ্যান্ড্রয়েড অ্যাপের মাধ্যমে ("বর্তমান নোটিশ" অথবা "সাধারণ আবেদন" অপশন ব্যবহার করে) আবেদন গ্রহণ করা হচ্ছে।

এমতাবস্থায়, সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন বাসা বরাদ্দ প্রত্যাশীগণকে বর্ণিত ওয়েবসাইট এবং অ্যাপের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৯-৫-২০২২

মোঃ মমতাজ উদ্দিন এনডিসি

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০২৯৫৪৫০৩৭

ফ্যাক্স: ০২-৯৫৪৬৪৬৩

ইমেইল: director@dog.gov.bd

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) রেস্তুর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০১৬.০১.০০২.১৮.৬১/১(৩২)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯

২৯ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)

করা হলো)

- ৫) উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৬) সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৭) প্রোগ্রামার, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৮) সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারি আবাসন পরিদপ্তর



১৯-৫-২০ ১১

আব্দুল্লাহ-আল-নোমান
সহকারী পরিচালক